গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১৫৫.১৯.১৭৫

তারিখ: ১ আশ্বিন ১৪২৬
১৬ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: **সরকার পক্ষে জবাব দাখিলের নিমিত্ত রিট পিটিশন নং-১২৪৮২/২০১৮ মামলার আর্জির প্যারা ভিত্তিক মতামত প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ১৩.১১.২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকেমহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব নুরুদ্দীন মো: আবু দাউদ আনছারী, পিতা: মো: আব্দুল ওয়াহাব এবং অধ্যক্ষ, তারালী ইউনিয়ন কেন্দ্রীয় আলিম মাদরাসা, থানা: কালিগঞ্জ, জেলা: সাতক্ষিরা কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১২৪৮২/২০১৮ মামলাটি দায়ের করা হয়েছে।

০২. মামলাটির রুল নিশি জারীর আদেশ পর্যালোচনা করে দেখা যায় যে, রিট আবেদনকারী কর্তৃক 'বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা)-এর জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮' এর ১৮.৪ বিধানকে চ্যালেঞ্জ করা হয়েছে। আবেদনকারী জনাব নুরুদ্দীন মো: আবু দাউদ আনছারী মে,২০১৪ থেকে আগস্ট,২০১৭ পর্যন্ত বরখাস্ত ছিলেন। বরখাস্তকালীন সময়ের জন্য বেতন-ভাতার সরকারী অংশ, উৎসব ভাতা এবং অন্যান্য সুবিধার বকেয়া দাবী করে রিট পিটিশন নং-১২৪৮২/২০১৮ মামলাটি দায়ের করা হয়েছে।

০৩. 'বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা)-এর জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর বিধি ১৮.৪ নিম্নরূপ:

'প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ও ব্যবস্থাপনা কমিটির ম্যধকার অভ্যন্তরীন বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলার করণে বেতন-ভাতাদির সরকারী অংশ উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসাবে তা এম.পি.ও খাত থেকে উত্তোলন করা যাবেনা। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর দায়-দায়িত্ব বহন করবে।'

০৪. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়কে ১ নং রেসপনডেন্ট এবং মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-কে ৭ নং রেসপনডেন্টসহ মোট ০৭ (সাত) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৫. বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইট থেকে জানা যায় যে, মামলাটি ০৪.১০.২০১৮ খ্রি: তারিখে ফাইলড হয়েছে। মামলাটি ফাইলিং এর পরে এখনো হেয়ারিং এর জন্য নির্ধারিত হয়নি।

০৬. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে মহামান্য আদালতে *Affidavit in opposition* দাখিলসহ জরুরীভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ আবশ্যক।

০৭. এখানে উল্লেখ্য উপরিউক্ত নীতিমালার ১৮.৪ অনুচ্ছেদের বিধানকে চ্যালেঞ্জ করে রিট মামলাটি দায়ের হয়েছে এবং উক্ত নীতিমালাটি মাদরাসা উইং (মাদরাসা শিক্ষা প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য) হতে প্রণীত হয়েছে বিধায় মামলার জবাব তৈরীর নিমিত্ত কোন প্রেক্ষিত এবং প্রয়োজনীয়তাকে বিবেচনায় নিয়ে অনুচেছদ ১৮.৪ এর বিধান সংযোজিত হয়েছে এ বিষয়ে মাদরাসা উইং (আর্জির প্রতিটি প্যারার আলোকে) এর মতামত প্রয়োজন।

০৮. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-১২৪৮২/২০১৮ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) তৈরীর লক্ষ্যে আর্জির প্রতিটি প্যারার আলোকে মতামত (আগামি ২৩.০৯.১৯ খ্রি: এর মধ্যে) আইন উইং-এ প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৬-৯-২০১৯
ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

অতিরিক্ত সচিব, মাদরাসা উইং

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১৫৫.১৯.১৭৫/১(৭)

তারিখ: ১ আশ্বিন ১৪২৬
১৬ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) সিসটেম এ্যানলিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন)মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

১৬-৯-২০১৯
ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)